# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৮৮

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ (৮) সাদাকাতুল ফিতর প্রসঙ্গে বর্ণনা

## 8 ـ بَابُ صَدَقَةِ الْفِطْرِ

আরবী

3288 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ سُلَيْمَانَ بْنِ فَارِسٍ الدَّلَّالُ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ رَافِعٍ حَدَّثَنَا ابْنُ أَبِي فُدَيْكٍ حَدَّثَنَا الضَّحَّاكُ بْنُ عُثْمَانَ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَمَرَ بِإِخْرَاجِ زَكَاةِ الْفِطْرِ أَنْ تُؤَدَّى قَبْلَ خُرُوجِ النَّاسِ وَأَنَّ عَبْدَ اللَّهِ كَانَ يُؤَدِّيهَا قَبْلَ ذَلِكَ بِيَوْمٍ أَوْ يومين.
الراوي : ابْن عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3288 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1428): ق دون فعل ابن عمر , وله (خ) معناه.
قَالَ أَبُو حَاتِمٍ: كَانَ ابْنُ عُمَرَ يُعَجِّلُ الزَّكَاةَ قَبْلَ الْفِطْرِ بِيَوْمٍ أَوْ يَوْمَيْنِ وَيَسْتَقْبِلُ رَمَضَانَ بِصِيَامِ يَوْمٍ أَوْ يَوْمَيْنِ

বাংলা

৩২৮৮. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যাকাতুল ফিতর লোকদের (ঈদগাহের উদ্দেশ্যে) বের হওয়ার আগেই আদায় করার নির্দেশ দিয়েছেন। আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু, এর একদিন বা দুইদিন আগে আদায় করতেন।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহু সাদাকাতুল ফিতর ঈদুল ফিতরের এক বা দুইদিন আগে দিতেন এবং রমযানের সিয়ামের এক বা দুইদিন আগে থেকে সিয়াম রাখা শুরু করতেন।”

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৯৮৬; মুসনাদ আহমাদ: ২/১৫৭; সহীহ ইবনু খুযাইমাহ: ২৪২১; দারাকুতনী: ২/১৫২; দারেমী: ১/৩৯২; সহীহুল বুখারী: ১৫০৯; সহীহ মুসলিম: ৯৮৬; আবূ দাউদ: ১৬১০; নাসাঈ: ৫/৫৪; তিরমিযী: ৬৭৭; মুয়াত্তা ইমাম মালিক: ১/২৮৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৪২৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92619

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন